

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৭০০

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অবিলম্বে ইফতার করা।

### باب مَا جَاءَ فِي تَعْجِيلِ الْإِفْطَارِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ، عَنْ أَبِي عَطِيَّةٍ، قَالَ دَخَلْتُ أَنَا وَمَسْرُوقٌ، عَلَى عَائِشَةَ فَقُلْنَا يَا أُمُّ الْمُؤْمِنِينَ رَجُلَانِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَدُهُمَا يُعَجِّلُ الْإِفْطَارَ وَيُعَجِّلُ الصَّلَاةَ وَالْآخَرُ يُؤَخِّرُ الْإِفْطَارَ وَيُؤَخِّرُ الصَّلَاةَ . قَالَتْ أَيُّهُمَا يُعَجِّلُ الْإِفْطَارَ وَيُعَجِّلُ الصَّلَاةَ قُلْنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْعُودٍ . قَالَتْ هَكَذَا صَنَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَالْآخَرُ أَبُو مُوسَى . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَأَبُو عَطِيَّةٍ اسْمُهُ مَالِكُ بْنُ أَبِي عَامِرٍ الْهَمْدَانِيُّ وَيُقَالُ مَالِكُ بْنُ عَامِرٍ الْهَمْدَانِيُّ وَابْنُ عَامِرٍ أَصَحُّ .

বাংলা

৭০০. হান্নাদ (রহঃ) .... আবু আতিয়া (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ও মাসরুক (রাঃ) আয়িশা (রাঃ) এর কাছে গিয়ে বললাম, হে উম্মুল মুমিনীন! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দুই সাহাবীর একজন তো অবিলম্বে ইফতার করেন এবং অবিলম্বে সালাত (নামায/নামাজ) আদায় করেন আর অপরজন বিলম্বে ইফতার করেন এবং বিলম্বে সালাত আদায় করেন। তিনি বললেন, তাদের মধ্যে কে অবিলম্বে ইফতার করেন এবং অবিলম্বে সালাত আদায় করেন? আমরা বললাম, ইনি হলেন, আবদুল্লাহ ইবনু মাসুউদ (রাঃ) তিনি বললেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করতেন। অপর সাহাবী ছিলেন আবু মূসা (রাঃ)। - সহিহ আবু দাউদ ২০৩৯, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭০২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, এই হাদিসটি হাসান সহীহ। আবু আতিয়া (রহঃ) এর নাম হল মালিক ইবনু আমির হামদানী। মতান্তরে মালিক ইবনু আমির হামদানী। এটাই অধিকতর সহীহ।

English

Abu Atiyyah said:

"Masruq and I entered upon Aishah and we said: 'O Mother of the Believers! There are two men from the Companions of Muhammad, one of them hastens to break the fasts and he hastens to perform Salat. The other delays breaking the fast and he delays the Salat.' She said: 'Which of them hastens to break the fast and hastens to perform the Salat?' We said that it was Abdullah bin Mas'ud. She said: 'This is how the Messenger of Allah did it.' And the other was Abu Musa."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু আতিয়া (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=17889>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন